যায়যায়দিন

তারিখ ... 13. JAN. 2009 ...
পৃষ্ঠা ... ২ ও ৩ কলাম ... ৫ ...

সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে নেতারা

# ক্যাম্পাসে সহাবস্থান নিশ্চিত করবে ছাত্রলীগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রত্যেকটি হলে সহাবস্থান, বৈধ শিক্ষার্থীদের হলে অবস্থান নিশ্চিত করা এবং বহিরাগত সন্ত্রাসীদের হলে অবস্থান করতে না দেয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সব ধরনের সহযোগিতা দেবে ছাত্রলীগ। তারা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে আশ্বস্ত করে বলেন, শিক্ষার্থীদের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিতের দায়িত্ব কর্তৃপক্ষের। শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সবসময় ছাত্রলীগ তাদের পাশে থাকবে। তবে কেউ যদি শিক্ষাঙ্গনে অরাজকতা সৃষ্টি করতে চায় তাহলে সারাদেশের ছাত্রসমাজকে নিয়ে ছাত্রলীগ তা প্রতিহত করবে।

গতকাল দুপুর ২টায় ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় ছাত্রলীগের নেতারা এসব কথা বলেন। এ সময় ছাত্রলীগের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে সাংবাদিকদের পৃ ২১ >> কঃ ৬

TBWA\BENCHMARK\050109

## ক্যাম্পাসে সহাবস্থান নিশ্চিত করবে

(প্রথম পৃষ্ঠার পর)

পরিচয় করিয়ে দেয়া হয়। একই সঙ্গে ২০০১ সালের নির্বাচনের পরবর্তী সময়ে ছাত্রলীগের যেসব নেতাকর্মীর ওপর নির্যাতন করা হয়েছিল তার একটি চিত্র তুলে ধরেন ছাত্রলীগ নেতারা। সভায় উপস্থিত ছিলেন ছাত্রলীগ সভাপতি মাহমুদ হাসান রিপন, সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটন, সিনিয়র সহসভাপতি গোলাম সারওয়ার কবির, সহসভাপতি হাসানুজ্জামান লিটন, রাশেদুল মাহমুদ রাসেল, সুজাদুর রহমান সুজাদ, এমদাদ হাওলাদার, আমিনুল হক কবীর, ইলিয়াসুজ্জামান, গাফফারী রাসেল।

এ সময় মাহমুদ হাসান রিপন বলেন, আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার সিদ্ধান্ত অনুযায়ী ছাত্ররাই ছাত্র রাজনীতি করবে এবং বর্তমান ছাত্রলীগের কমিটি হচ্ছে সেই নির্বাচিত কমিটি।

মাহফুজুল হায়দার চৌধুরী রোটন বলেন, ২০০১ সালের নির্বাচনের পর ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ত্রিসীমানায় আসতে পারিনি। ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর এতোটাই নির্যাতন হয়েছে যার দাগ এখনো রয়েছে। অথচ ২৯ ডিসেম্বর নির্বাচনের দুদিন পর ছাত্রদল ক্যাম্পাসে শোডাউন করে জন্মদিন পালন করেছে। দেশনেত্রী শেখ হাসিনা যে দিনবদলের কথা বলছেন এটাই তো দিনবদল। তিনি বলেন, ছাত্রলীগ হিংসা-প্রতিহিংসা পরায়ণ হতে চায় না।

ঢাবি শাখার সভাপতি শেখ সোহেল রানা টিপু বলেন, দিনবদলের রাজনীতিতে শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়ার কাজে ছাত্রলীগ সাহায্য করবে। ক্যাম্পাসে কোনো অপ্রীতিকর ঘটনা এড়াতে তিনি সাংবাদিকদেরও সহযোগিতা কামনা করেন।

সাধারণ সম্পাদক সাজ্জাদ সাকিব বাদশা বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সুপারিশ করা হয়েছে, যদি কেউ হলে বিশৃঙ্খলা পরিবেশ সৃষ্টি করতে চায় তাহলে তাকে একাডেমিক বহিষ্কার এবং সঙ্গে সঙ্গে পুলিশের হাতে তুলে দিতে হবে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ে তুলতে যা যা করা দরকার তা ছাত্রলীগ করছে এবং ভবিষ্যতেও করবে।